

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

[www.barc.gov.bd](http://www.barc.gov.bd)

## বাংলাদেশ GAP স্কিমওয়ারের Operational Manual প্রণয়ন বিষয়ক কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ আবদুছ ছালাম সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক GAP ইউনিট, বিএআরসি।
স্থান	:	সভাকক্ষ-২, বিএআরসি।
তারিখ	:	৩১ আগস্ট, ২০২৫।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে তিনি বলেন, বাংলাদেশে GAP বাস্তবায়নে বিএআরসি বাংলাদেশ GAP এর Scheme Owner (SO) হিসেবে দায়িত্ব পালন করে আসছে। GAP Scheme Owner এর কার্যক্রম পরিচালনার জন্য একটি Operational Manual প্রণয়ন করা আবশ্যিক। অতঃপর তিনি ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসিকে Operational Manual প্রণয়ন বিষয়ে আলোচনার আহ্বান জানান। ড. হাসান Operational Manual এর একটি প্রাথমিক খসড়া সভায় উপস্থাপন করে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তীতে কমিটির সদস্যগণ খসড়াটির ওপর মতামত ব্যক্ত করেন।

### ২.০ সিদ্ধান্ত

সভায় অংশগ্রহণকারীদের মধ্যে উন্মুক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ২.১। বাংলাদেশ GAP স্কিম পরিচালনার নিমিত্ত "Operation Manual of Bangladesh GAP Scheme Owner" শিরোনামে এবং ISO 17067:2013 এর গাইড লাইন অনুসারে প্রণীত হবে।
- ২.২। Manual-এর Annexure অংশে Operational সদস্যগণের ডায়গ্রাম এবং স্টিয়ারিং ও টেকনিক্যাল কমিটির সদস্যগণের তালিকা অন্তর্ভুক্ত হবে।
- ২.৩। Operational Manual এ বাংলাদেশ GAP স্কিম পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের Role এবং Responsibility সুনির্দিষ্ট ভাবে উল্লেখ থাকবে।
- ২.৪। কমিটি কর্তৃক প্রস্তাবিত ম্যানুয়ালের Type 5/2 সংশ্লিষ্ট অংশটি জনাব মোহাম্মদ সফিউজ্জামান, মুখ্য ইনস্ট্রাকটর, এটিআই ও আহবায়ক GAP ইউনিট, ডিএই, জনাব নজির আহম্মদ মিয়া, উপপরিচালক (এমসি), বিএসটিআই-এর সঙ্গে আলোচনাপূর্বক প্রণয়ন করবে।
- ২.৫। প্রণীত খসড়াটি পুনরায় আলোচনার নিমিত্ত সেপ্টেম্বর মাসে অনুষ্ঠেয় ২য় সভায় উপস্থাপন করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ আবদুছ ছালাম

সদস্য পরিচালক (শস্য) ও

আহবায়ক GAP ইউনিট, বিএআরসি